রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, জুলাই ২১, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাণিজ্য মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১ শ্রাবণ ১৪২১ বঙ্গাব্দ/১৬ জুলাই ২০১৪ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ১৯১-আইন/২০১৪।**—মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৪নং আইন) এর ধারা ৫২তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রম (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ১২ এর উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) ও (৩ক) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৩) উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত আপিল আবেদনের শুনানী নোটিশ জারীর পরবর্তী ৯০ (নব্বই) কর্মদিবসের মধ্যে সম্পন্ন করিতে হইবে এবং উক্তরূপ শুনানীর পরবর্তী ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে তৎবিষয়ে উহার সিদ্ধান্ত প্রদান করিবে।

(৩ক) উপ-বিধি (৩) এর অধীন সিদ্ধান্ত গ্রহণের পর উক্ত সিদ্ধান্তের বিষয়টি অনতিবিলম্বে আবেদনকারীকে অবহিত করিতে হইবে।";



**মূল্য ঃ** টাকা ৪.০০

(খ) বিধি ১২ এর পর নিম্নরূপ বিধি সংযোজিত হইবে, যথা ঃ—

"১৩। **পণ্য বা সেবার মান।**—(১) আইনের ধারা ১৯ এর উদ্দেশ্য পূরণকল্পে, মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রমের আওতায় বিপণনকৃত প্রত্যেক পণ্য বা সেবার মান সংশ্লিষ্ট মান নিয়ন্ত্রণকারী সরকারি সংস্থা কর্তৃক নির্ধারিত হইবে।

(২) মাল্টি-লেভেল মার্কেটিং কার্যক্রমের আওতায় বিপণনকৃত প্রত্যেক পণ্য বা সেবার মান যথাযথ মর্মে সংশ্লিষ্ট মান নিয়ন্ত্রণকারী সরকারি সংস্থা কর্তৃক প্রত্যয়নকৃত হইতে হইবে।"

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল মান্নান**
যুগ্ম-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd